

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
বাজেট ও অডিট শাখা
www.mopme.gov.bd

নং-৩৮.০০.০০০০.০০৬.৯৯.০০১.১৭-২৮২

তারিখঃ ১০ আশ্বিন ১৪২৪
২৫ সেপ্টেম্বর ২০১৭


বিজ্ঞপ্তি

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের বাজেট ও অডিট শাখার সহকারী সচিব-এর স্বাক্ষরিত ১৯/০৯/২০১৭ তারিখের ৩৮.০০.০০০০.০০০৬.২০.০১৩০.১৬-২৭১./২(ক) নং স্মারকে একটি ভুয়া পত্র পাওয়া গেছে। যা অনলাইনে বিভিন্ন Social Media-তে বিজ্ঞপ্তি আকারে প্রকাশিত হয়েছে।

উক্ত পত্রে 'পদ্মা সেতুর' উন্নয়নের জন্য প্রত্যেক শিক্ষা প্রতিষ্ঠানের সকল শিক্ষার্থী হতে পাঁচ (৫) টাকা হারে চাঁদা আদায় করে আগামী ১০ অক্টোবর, ২০১৭ তারিখের মধ্যে প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, প্রধানমন্ত্রীর কার্যালয়, যাহা ডাচ বাংলা মোবাইল ব্যাংকিং হিসাব নং SHAH ALAM: 7017015039530 এর অনুকূলে প্রেরণ করার জন্য বলা হয়েছে। পত্রটি সম্পূর্ণ জাল-জালিয়াতি করে সৃজন করা হয়েছে।

এ ধরনের কোন প্রকার নির্দেশনা প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় থেকে প্রদান করা হয়নি। কোন কুচক্রী মহল তার নিজের স্বার্থ চরিতার্থ করার জন্য এ হীন কার্যক্রমের আশ্রয় গ্রহণ করেছে।

এমতাবস্থায়, বর্ণিত পত্রের বিষয়ে কোন কার্যক্রম গ্রহণ না করার জন্য সংশ্লিষ্ট সকলকে বিনীত অনুরোধ করা হলো। একইসাথে সংশ্লিষ্ট থানায় বিষয়টি তদন্ত করে দেখার জন্য একটি সাধারণ ডায়েরি করা হয়েছে।


২৫/০৯/১৭

(মোঃ রেজাউল করিম)

সহকারী সচিব (বাজেট ও অডিট)

ফোন-৯৫৭৭২৬৩